# ২৪তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট (বাতিল) ২০০৩

পরীক্ষার তারিখ : ২৮.০২.২০০৩; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান . ১০০; কোড : দোয়েল; সেট নম্বর . ১

১. **I don't mind — with the cooking but I am not going to wash the dishes.**
(ক) to help (খ) help
(গ) helping (ঘ) for helping

(ব্যাখ্যা) *সাধারণত কোনো simple sentence-এ দুটি verb পাশাপাশি ব্যবহৃত হলে পরবর্তী verb-টির সাথে ing যুক্ত হয়। সুতরাং 'mind' verbটির পাশে 'help' verbটি বসানোর ক্ষেত্রে help-এর সাথে ing যুক্ত করতে হবে। তাই (গ) উত্তরটি সঠিক।*

২. **I decided to go — with my friend as I needed some exercise.**
(ক) to a walk (ক) for a walk
(গ) for a walking (ঘ) walk

(ব্যাখ্যা) *ব্যায়াম বা ঘোরাঘুরির উদ্দেশ্যে যে হাঁটাহাঁটি করা হয় তার জন্য go for a walk ব্যবহৃত হয়।*

৩. **My uncle arrived while I — the dinner.**
(ক) would cook (খ) had cooked
(গ) cook (ঘ) was cooking

(ব্যাখ্যা) *এ বাক্যের principal clause টি past indifinite হওয়ায় subordinate clause অবশ্যই past tense হবে। আর উভয় clause-এর মাঝে while রয়েছে বলে এটি past continious হওয়াকেই সমর্থন করে। সুতরাং সঠিক উত্তর হবে (ঘ)।*

৪. **In order to improve farming methods, we need—.**
(ক) machine (খ) machinery
(গ) a machinery (ঘ) machineries

(ব্যাখ্যা) *Machinery-যন্ত্রপাতি, কলকব্জা। এটি একটি uncountable noun। তাই এর plural হয় না। তাছাড়া এর পূর্বে a ব্যবহার হয় না। সুতরাং (গ) এবং (ঘ) সঠিক নয়। আবার, machine-যন্ত্র। এটি countable noun. তাই এর পূর্বে a ব্যবহার করা আবশ্যক (a machine) কিংবা একে plural আকারে (machines) ব্যবহার করা প্রয়োজন। সুতরাং (ক) উত্তরটিও ভুল। উপরিউক্ত আলোচনা হতে দেখা যায় (খ) নিয়মানুসারে ব্যবহৃত হওয়ায় এটিই সঠিক উত্তর।*

৫. **My friend always goes home — foot.**
(ক) by (খ) with
(গ) on a (ঘ) on

(ব্যাখ্যা) *Go on foot একটি phrase যার অর্থ পায়ে হেঁটে যাওয়া।*

৬. **We need two hundred dollars — this to pay for everything.**
(ক) as well (খ) also
(গ) beside (ঘ) besides

(ব্যাখ্যা) *বাক্যটির অর্থ এমন হবে যে, সবকিছুর মূল্য পরিশোধ করতে আমাদের এ ছাড়াও দুইশত ডলার দরকার। শূন্যস্থানে 'এছাড়াও' এর ইংরেজিটি নেই, যা অপশন (ঘ)-তে রয়েছে। অর্থাৎ besides।*

৭. **The team is — eleven players.**
(ক) made of (খ) made up of
(গ) made up (ঘ) made

(ব্যাখ্যা) *make up –মনস্থির করা। make of –কোনো কিছু দিয়ে তৈরি হওয়া। make up of – কতগুলো অংশ বিশেষ নিয়ে গঠিত হওয়া। make – তৈরি করা। একটি দল এগারজন খেলোয়াড় সমন্বয়ে গঠিত হয়। সুতরাং দল যেহেতু কতগুলো player নিয়ে গঠিত হয়, সে অর্থে উত্তর (খ) সঠিক।*

৮. **My wife reminded me —.**
(ক) of my appointment (খ) to go my appointment
(গ) to my appointment (ঘ) my appointment

(ব্যাখ্যা) *এখানে remind একটি transitive verb. আর এর ব্যবহারের ক্ষেত্রে যে structureটি অনুসরণ করা হয়। তা হলো– Transitive verb + noun/pronoun + prepositional phrase. (He reminds me of his brother.) সুতরাং (ক) ই সঠিক।*

৯. **At least one of the students — full marks every time.**
(ক) get (খ) are getting
(গ) gets (ঘ) have got

(ব্যাখ্যা) *One of + plural noun/pronoun এর পর singular verb হয়। কারণ one sentence-এর subject।*

১০. **Please — the necessity of arriving early.**
(ক) emphasise about (খ) emphasise to
(গ) emphasise on (ঘ) emphasise

(ব্যাখ্যা) *Emphasis (n)-এর পর on বসে কিন্তু এর verb 'emphasise'-এর পর সাধারণত কোনো preposition হয় না। তাই (ঘ) সঠিক।*

১১. **I don't think you will have any difficulty — a driving license.**
(ক) to get (খ) in getting
(গ) for getting (ঘ) get

(ব্যাখ্যা) *difficult শব্দটি adjective এবং এর থেকে গঠিত difficulty শব্দটি noun. সাধারণত have difficulty এর পর to infinitive হয় না। কিন্তু difficult-adjective-এর পর to বসে। সচরাচর difficulty in something-এরূপ ব্যবহারই দেখা যায়। সে দৃষ্টিতে সঠিক উত্তর (খ)।*

**উত্তর**

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | খ |
| ৩ | ঘ |
| ৪ | খ |
| ৫ | ঘ |
| ৬ | ঘ |
| ৭ | খ |
| ৮ | ক |
| ৯ | গ |
| ১০ | ঘ |
| ১১ | খ |

 Boighar.com

১২. **I thought that — was the last one.**

(ক) the most prettiest of all
(খ) prettiest one of all
(গ) the prettiest one from all
(ঘ) the prettiest one of all

(ব্যাখ্যা) *নিয়মানুযায়ী superlative degree-এর পূর্বে সর্বদা the বসে এবং যাদের মধ্যে তুলনা করা হয় তাদের পূর্বে of বসে। এ প্রেক্ষিতে উত্তর (খ) এবং (গ) সঠিক নয়। অন্যদিকে উত্তর (ক)তে most ব্যবহার করায় তা ভুল। কেননা pretty এর superlative degree হলো prettiest তাই most ব্যবহার নিষ্প্রয়োজন। সুতরাং উত্তর (ঘ) সঠিক।*

১৩. **The ministers arrived — a decision last night.**

(ক) to (খ) at
(গ) on (ঘ) by

(ব্যাখ্যা) *Arrive to-এ ধরনের কোনো ব্যবহার পাওয়া যায় না। Arrive at-উপনীত হওয়া।*
*Arrive by-এ ধরনের কোনো ব্যবহারও পাওয়া যায় না।*
*Arrive on-এ ধরনের কোনো ব্যবহারও পাওয়া যায় না।*
*সুতরাং সিদ্ধান্তে উপনীত হওয়া অর্থে (খ) উত্তরটিই সঠিক।*

১৪. **She is beautiful but she is — her mother.**

(ক) most beautiful (খ) less beautiful
(গ) as beautiful (ঘ) not so beautiful as

(ব্যাখ্যা) *সাধারণত দুজন ব্যক্তি বা দুটি বস্তুর মধ্যে সাদৃশ্য (similarity) বুঝাতে as — as এবং বৈসাদৃশ্য (dissimilarity) বুঝাতে so — as ব্যবহৃত হয়। এ sentence টিতে বৈসাদৃশ্য বুঝাচ্ছে। সুতরাং উত্তর (ঘ) সঠিক।*

১৫. **The government gave — the demands of the people.**

(ক) in to (খ) in
(গ) to (ঘ) over to

(ব্যাখ্যা) *Give in to—দাবি পূরণ করতে রাজি হওয়া; give in—বশ্যতা স্বীকার করা; give to—কাউকে কিছু দেয়া; give over to—কোনো কিছুতে বিলিয়ে দেয়া। সুতরাং অর্থগত দিক থেকে (ক)-ই সঠিক।*

১৬. **The Second World War broke — in September, 1939.**

(ক) through (খ) away
(গ) out (ঘ) in

(ব্যাখ্যা) *Break through-জোর করে পথ করা। Break away-পলায়ন করা। Break out-প্রাদুর্ভাব হওয়া, শুরু হওয়া। Break in-বলপূর্বক প্রবেশ করা, বলপূর্বক নিজেকে ছাড়ানো। এখানে বাক্যের ভাবানুযায়ী Broke out (শুরু হওয়া) ব্যবহারই যথার্থ। কারণ যুদ্ধ আরম্ভ হওয়া অর্থই স্বাভাবিক ও যুক্তিযুক্ত। সুতরাং (গ) উত্তরটি সঠিক।*

*__Choose the correct meaning of the following words__*

১৭. **__Gullible__**

(ক) foolish
(খ) willing to believe anything or anyone
(গ) simple (ঘ) easily deceived

(ব্যাখ্যা) *এখানে Gullibe অর্থ সহজে প্রতারণাযোগ্য। foolish – বোকা। Willing to believe anything or anyone –যে কোনো কিছু বা যে কাউকে বিশ্বাস করতে ইচ্ছুক। Simple – সাধারণ। easily deceived –অনায়াসে প্রতারিত।*
*Oxford Dictionary – অনুযায়ী (খ) এবং (ঘ) দুটি উত্তরই সঠিক।*

১৮. **__Viable__**

(ক) possible (খ) that can be done
(গ) capable (ঘ) that will work

(ব্যাখ্যা) *Possible –সম্ভব। এখানে viable অর্থ টিকে থাকতে সমর্থ। that can be done –যা করা সম্ভব। capable –সক্ষম বা সমর্থ। that will work– যেটি কাজ করবে। Oxford Dictionary অনুযায়ী 'that can be done'-এটি viable-এর সমার্থক। তবে 'সমর্থ' অর্থে 'capable' ও সঠিক। সুতরাং 'খ' এবং 'গ' দুটিই সঠিক।*

১৯. **__Handy__**

(ক) comfortable (খ) useful
(গ) convenient to handle or use
(ঘ) necessary

(ব্যাখ্যা) *এখানে Handy অর্থ সুবিধাজনক বা দরকারী। Comfortable –আরামদায়ক। useful –উপকারী। convenient to handle or use –ব্যবহার বা নাড়াচাড়ায় সুবিধাজনক। necessary –প্রয়োজনীয়। সুতরাং সঠিক উত্তর (খ)।*

**Select the pair that best expresses a relationship similar to that expressed in the original pair.**

২০. **__Conscious ... Careless.__**

(ক) Careful ... Indifferent
(খ) Graceful ... Ugly
(গ) Generous ... Unkind
(ঘ) Well-informed ... Knowing little

(ব্যাখ্যা) *Conscious অর্থ সচেতন, সজ্ঞান এবং Careless অর্থ অসচেতন, অসতর্ক, অমনোযোগী। অতএব শব্দজোড়ার মধ্যে antonymous relation রয়েছে।*
*উত্তর (ক)-তে আছে, Careful—সচেতন, সজ্ঞান। Indifferent–অনিহা, অমনোযোগী। (খ)-তে আছে, Graceful— লাবণ্যময়, সুশ্রী, সুন্দর। Ugly—কুৎসিত, কদাকার।*
*(গ)-তে আছে, Generous—উদার, সদাশয়, দয়ালু। Unkind— নির্দয়, অসদাশয়, অনুদার প্রভৃতি। (ঘ)-তে আছে, Well-informed—ভালোভাবে জ্ঞাত। Knowing little— স্বল্প জ্ঞাত, ভালোভাবে জ্ঞাত নয়।*

**উত্তর**

| | |
|---|---|
| ১২ | ঘ |
| ১৩ | খ |
| ১৪ | ঘ |
| ১৫ | ক |
| ১৬ | গ |
| ১৭ | খ, ঘ |
| ১৮ | খ, গ |
| ১৯ | খ |
| ২০ | ক |

www.boighar.com

*ওপরের আলোচনায় দেখা যায়, প্রত্যেকটি অপশনই antonymous। কিন্তু প্রশ্নে প্রদত্ত শব্দের সঙ্গে একমাত্র (ক) এর শব্দের মিল রয়েছে। তাই (ক)-ই সঠিক।*

**২১. 'ভানুসিংহ' কার ছদ্মনাম?**

ⓚ রবীন্দ্রনাথ ঠাকুরের ⓧ সত্যেন্দ্রনাথ দত্তের
ⓖ প্রমথ চৌধুরীর ⓨ টেকচাঁদ ঠাকুরের

(ব্যাখ্যা) *রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম 'ভানুসিংহ', প্রমথ চৌধুরীর ছদ্মনাম 'বীরবল' এবং প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম 'টেকচাঁদ ঠাকুর'। সত্যেন্দ্রনাথ দত্তের কোনো ছদ্মনাম নেই। কিন্তু তার উপাধি রয়েছে। সত্যেন্দ্রনাথ দত্তের উপাধি 'ছন্দের যাদুকর'।*

**২২. 'সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে।'—এই বাক্যে সুন্দর শব্দটি কোন পদ?**

ⓚ বিশেষ্য ⓧ বিশেষণ
ⓖ সর্বনাম ⓨ বিশেষণের বিশেষণ

(ব্যাখ্যা) *সাধারণ অর্থে 'সুন্দর' শব্দটি বিশেষণ হিসেবে ব্যবহৃত হয়, যার অর্থ লাবণ্যময়, মনোহর, উত্তম ইত্যাদি। তবে এখানে 'সুন্দর' শব্দটির বিশেষ্য হিসেবে ব্যবহৃত হয়েছে।*

**২৩. 'সাম্য' গ্রন্থের রচয়িতা কে?**

ⓚ কাজী নজরুল ইসলাম ⓧ মোহাম্মদ বরকতুল্লাহ
ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓨ মোহাম্মদ লুৎফর রহমান

(ব্যাখ্যা) *'সাম্য' (১৮৭৯) গ্রন্থটি বাংলা উপন্যাস সাহিত্যের স্থপতি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের (১৮৩৮-১৮৯৪ খ্রি) একটি বিখ্যাত প্রবন্ধগ্রন্থ। অপর দিকে সাম্যবাদী কাব্যগ্রন্থ হলো কাজী নজরুল ইসলামের।*

**২৪. কোন গ্রন্থটি এয়াকুব আলী চৌধুরী প্রণীত?**

ⓚ মোস্তফা চরিত
ⓧ নয়াজাতির স্রষ্টা হযরত মোহাম্মদ
ⓖ বিশ্বনবী ⓨ মানব-মুকুট

(ব্যাখ্যা) *বিশিষ্ট সাহিত্যিক ও সাংবাদিক মোহাম্মদ এয়াকুব আলী চৌধুরী (১৮৮৮-১৯৪০ খ্রি) 'মানব মুকুট' (১৯২২) ছাড়াও 'নূরনবী' (১৯১৮), 'শান্তিধারা' (১৯১৯) ইত্যাদি গ্রন্থ প্রণয়ন করেন। উল্লেখ্য, উপরিউক্ত 'মোস্তফা চরিত' গ্রন্থটি মাওলানা আকরম খাঁ (১৮৬৯-১৯৬৯ খ্রি), 'নয়াজাতির স্রষ্টা হযরত মোহাম্মদ' গ্রন্থটি মোহাম্মদ বরকতুল্লাহ (১৮৯৮-১৯৭৪ খ্রি) এবং 'বিশ্বনবী' গ্রন্থটি কবি গোলাম মোস্তফা রচনা করেন।*

**২৫. সিকানদার আবু জাফর সম্পাদিত পত্রিকাটির নাম কি?**

ⓚ সওগাত ⓧ সমকাল
ⓖ উত্তরণ ⓨ শিখা

(ব্যাখ্যা) *সাহিত্য মাসিক 'সমকাল' পত্রিকাটির প্রতিষ্ঠাতা সম্পাদক হলেন কবি, সঙ্গীত রচয়িতা, নাট্যকার ও সাংবাদিক সিকানদার আবু জাফর (১৯১৯-১৯৭৫ খ্রি)। অন্যদিকে 'সওগাত' (১৯১৮) পত্রিকাটির সম্পাদক মোহাম্মদ নাসির উদ্দিন, 'উত্তরণ' পত্রিকাটির সম্পাদক হাসান হাফিজুর রহমান, 'শিখা' পত্রিকাটির সম্পাদক কাজী মোতাহার হোসেন।*

**২৬. 'ফণি-মনসা' কাব্যের রচয়িতা কে?**

ⓚ কাজী নজরুল ইসলাম ⓧ আহসান হাবীব
ⓖ সিকানদার আবু জাফর ⓨ হাসান হাফিজুর রহমান

(ব্যাখ্যা) *১৯২৭ সালে প্রকাশিত কবি নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬ খ্রি) একটি বিদ্রোহপ্রকাশক কাব্যগ্রন্থ 'ফণি-মনসা'। কবির অন্যান্য উল্লেখযোগ্য কাব্যগ্রন্থের মধ্যে রয়েছে— অগ্নিবীণা (১৯২২), বিষের বাঁশি (১৯২৪), ভাঙার গান (১৯২৪), সাম্যবাদী (১৯২৫), সর্বহারা (১৯২৬), জিঞ্জির (১৯২৮), সন্ধ্যা (১৯২৯), প্রলয়শিখা (১৯৩০), দোলনচাঁপা (১৯২৩), ছায়ানট (১৯২৪), সিন্দু-হিন্দোল (১৯২৭), চক্রবাক (১৯২৯), মরুভাস্কর (১৯৫৭) ইত্যাদি। কবি ও সাংবাদিক আহসান হাবীবের (১৯১৭-১৯৮৫ খ্রি) উল্লেখযোগ্য কাব্যগ্রন্থের মধ্যে রয়েছে— রাত্রিশেষ (১৯৪৭), ছায়াহরিণ (১৯৬২), মেঘ বলে চৈত্রে যাবো (১৯৭৬), প্রেমের কবিতা (১৯৮১) ইত্যাদি।*

**২৭. 'বীরবলের হালখাতা' গ্রন্থটি কোন ধরনের রচনা?**

ⓚ কাব্য ⓧ নাটক
ⓖ উপন্যাস ⓨ প্রবন্ধ

(ব্যাখ্যা) *বাংলা সাহিত্যে চলিত ভাষার প্রবর্তক ও বিদ্রূপাত্মক প্রাবন্ধিক প্রমথ চৌধুরী (১৮৬৮-১৯৪৬ খ্রি) প্রণীত 'বীরবলের হালখাতা' একটি প্রবন্ধ গ্রন্থ। গ্রন্থটি ১৯১৬ সালে প্রকাশিত হয়। তার অন্যান্য উল্লেখযোগ্য গ্রন্থের মধ্যে রয়েছে— তেল-নুন-লাকড়ি, নানাকথা, আমাদের শিক্ষা, রায়তের কথা, চার ইয়ারী কথা (১৯১৬), সনেট পঞ্চাশৎ (১৯১৩) ইত্যাদি।*

**২৮. বাংলা একাডেমির 'আঞ্চলিক অভিধান' সম্পাদনা কে করেন?**

ⓚ মুহম্মদ শহীদুল্লাহ ⓧ মুহম্মদ এনামুল হক
ⓖ মুহম্মদ মনসুর উদ্দিন ⓨ মুহম্মদ আবদুল হাই

(ব্যাখ্যা) *বিশিষ্ট ভাষাবিদ, ভাষাবিজ্ঞানী, গবেষক ও শিক্ষাবিদ ড. মুহম্মদ শহীদুল্লাহ (১৮৮৫-১৯৬৯ খ্রি) সম্পাদিত বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত 'আঞ্চলিক ভাষার অভিধান' দুটি খণ্ডে বিভক্ত। তার সংকলিত ও সম্পাদিত অন্যান্য গ্রন্থ হলো পদ্মাবতী (১৯৫০), প্রাচীন ধর্মগ্রন্থে শেষনবী (১৯৫২) এবং গল্প সংকলন (১৯৫৩)।*

**২৯. সনেটের ক'টি অংশ?**

ⓚ একটি ⓧ দুটি
ⓖ তিনটি ⓨ চারটি

(ব্যাখ্যা) *ইংরেজি 'সনেট' শব্দটি এসেছে ইতালীয় 'sonetto' (অর্থ— মৃদুধ্বনি) শব্দ থেকে। বাংলা সনেটের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪-১৮৭৩ খ্রি)। সনেটে যেমন চৌদ্দটি লাইন বা পঙক্তি থাকে তেমনি আবার প্রতিটি লাইন বা পঙক্তিতে চৌদ্দটি অক্ষর থাকে। সাধারণভাবে কবিতার চৌদ্দটি লাইন দুটি ভাগে বিভক্ত থাকে। প্রথম ভাগে আট লাইন এবং দ্বিতীয় ভাগে ছয় লাইন। প্রথম ভাগকে 'অষ্টক' এবং দ্বিতীয় ভাগকে 'ষটক' বা 'ষষ্টক' নামে অভিহিত করা হয়।*

উত্তর

| | |
|---|---|
| ২১ | ক |
| ২২ | ক |
| ২৩ | গ |
| ২৪ | ঘ |
| ২৫ | খ |
| ২৬ | ক |
| ২৭ | ঘ |
| ২৮ | ক |
| ২৯ | খ |

VisionApps10

৩০. 'কাঁচি' কোন ধরনের শব্দ?
ⓚ আরবি ⓚ ফারসি
ⓖ হিন্দি ⓖ তুর্কি

(ব্যাখ্যা) *'কাঁচি' তুর্কি ভাষার শব্দ। তুর্কি ভাষার আরো কিছু শব্দ—চাকর, দারোগা, উর্দি, উর্দু, কুলি, খান, খোকা, চকমক, ঠাকুর, তালাশ, দাদা, নানা, নানী, বাবা, বাবুর্চি, মোগল, সওগাত ইত্যাদি।*

৩১. 'কাটাকুঞ্জে বসি তুই গাঁথিবি মালিকা
দিয়া গেনু ভালে তোর বেদনার টীকা'
—এই উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?
ⓚ কাজী নজরুল ইসলাম ⓚ মাইকেল মধুসূদন দত্ত
ⓖ সুকান্ত ভট্টাচার্য ⓖ বেনজীর আহমেদ

৩২. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ আছে কোন বাক্যটিতে?
ⓚ ডানার রৌদ্রের গন্ধ মুছে ফেলে চিল
ⓚ কাজের পরিচয় ফলে বোঝা যায়
ⓖ ফুলের গন্ধে ঘুম আসেনা একলা জেগে রই
ⓖ আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস

(ব্যাখ্যা) *যে স্থানে বা যে সময়ে ক্রিয়া সম্পাদিত হয় তাকে অধিকরণ কারক বলে। ক্রিয়াপদ ধরে কোথায়, কোন স্থানে, কখন, কোন সময়ে, কবে, কোন বিষয়ে বা ব্যাপারে—এসব প্রশ্ন করলে তার উত্তরে অধিকরণ কারক পাওয়া যায়। যেমন—তারেক মাঠে খেলে। এখানে 'কোথায় খেলে?' প্রশ্নের উত্তর হবে— মাঠে। সুতরাং 'মাঠে' অধিকরণ কারক। উপরিউক্ত বাক্যগুলোর মধ্যে (ঘ)-ই যথার্থ উত্তর।*

৩৩. কোন সাহিত্যাদর্শের মর্মে নৈরাশ্যবাদ আছে?
ⓚ রোমান্টিসিজম ⓚ আধুনিকতাবাদ
ⓖ উত্তরাধুনিকতাবাদ ⓖ বাস্তববাদ

(ব্যাখ্যা) *সাহিত্যের অধুনা ধারা উত্তরাধুনিকতাবাদ। এ সাহিত্যাদর্শের মর্মে আছে নৈরাশ্যবাদ। বাস্তববাদ হলো জগৎ, জীবন ও প্রকৃতিকে বস্তুনিষ্ঠ ও যথাযথভাবে বর্ণনা করার সাহিত্য।*

৩৪. 'কাশবনের কন্যা' গ্রন্থটির লেখক কে?
ⓚ আবুল কালাম শামসুদ্দিন ⓚ শামসুদ্দীন আবুল কালাম
ⓖ আবুল ফজল ⓖ জসীমউদ্‌দীন

(ব্যাখ্যা) *বিশিষ্ট সাহিত্যিক শামসুদ্দীন আবুল কালামের 'কাশবনের কন্যা' একটি জেলে সম্প্রদায়ের জীবনভিত্তিক উপন্যাস।*

৩৫. 'শাশ্বত বঙ্গ' গ্রন্থটির রচয়িতা কে?
ⓚ কাজী মোতাহার হোসেন ⓚ আবুল হুসেন
ⓖ কাজী আবদুল ওদুদ ⓖ কাজী আনোয়ারুল কাদির

(ব্যাখ্যা) *বিশিষ্ট লেখক ও চিন্তাবিদ কাজী আব্দুল ওদুদ (১৮৯৪-১৯৭০ খ্রি)-এর 'শাশ্বত বঙ্গ' (১৯৫১) একটি প্রবন্ধ গ্রন্থ। তার অন্যান্য উল্লেখযোগ্য প্রবন্ধ গ্রন্থের মধ্যে রয়েছে— রবীন্দ্রকাব্য পাঠ (১৩৩৪), কবিগুরু রবীন্দ্রনাথ (১ম খণ্ড-১৩৬৯, ২য় খণ্ড-১৩৭৬ বাং) ইত্যাদি।*

৩৬. 'বেটাইম' শব্দটি গঠিত হয়েছে—
ⓚ ফারসি ও ইংরেজি শব্দে ⓚ ফরাসি ও ইংরেজি শব্দে
ⓖ ফারসি ও ফরাসি শব্দে ⓖ ফারসি ও হিন্দি শব্দে

(ব্যাখ্যা) *'বেটাইম' শব্দটি একটি বিশেষ্য, যার অর্থ অসময়। 'বে' ও 'টাইম' একত্রে যুক্ত হয়ে গঠিত হয়েছে বেটাইম। এখানে 'বে' উপসর্গটি একটি ফারসি উপসর্গ এবং 'টাইম' শব্দটি একটি ইংরেজি শব্দ, যার অর্থ সময়। সুতরাং 'বেটাইম' শব্দটি ফারসি ও ইংরেজি শব্দযোগে গঠিত হয়েছে।*

৩৭. 'হাত-ভারি' বাগধারার অর্থ—
ⓚ দাতা ⓚ কম খরচে ⓖ দরিদ্র ⓖ কৃপণ

(ব্যাখ্যা) *'হাতভারি' একটি বিশেষণ, যার অর্থ কৃপণ, কিছু দিতে বা খরচ করতে চায় না এমন (ও যেমন হাতভারী লোক, ওর বউ তেমনি দরাজ)।*

৩৮. 'লাজ' কোন ধরনের শব্দ?
ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ
ⓖ ক্রিয়া-বিশেষণ ⓖ বিশেষ্যের-বিশেষণ

(ব্যাখ্যা) *'লাজ' একটি বিশেষ্য পদ, যার দুটি অর্থ রয়েছে— লজ্জা বা শরম এবং খই। লাজ-এর বিশেষণ লাজুক, যার অর্থ লজ্জাশীল বা বলতে ও মিশতে লজ্জাবোধ করে এমন।*

৩৯. ঢাকার 'মুসলিম সাহিত্য সমাজ'-এর প্রতিষ্ঠা কোন খ্রিষ্টাব্দে?
ⓚ ১৯২৬ ⓚ ১৯১১ ⓖ ১৮৬৪ ⓖ ১৯০৫

(ব্যাখ্যা) *মুক্তবুদ্ধি চর্চার উদ্দেশ্যে কাজী আব্দুল ওদুদ, আবুল হুসেন, আব্দুল কাদির, আবুল ফজল, কাজী মোতাহার হোসেন প্রমুখ ঢাকায় ১৯২৬ সালে 'মুসলিম সাহিত্য-সমাজ' নামে এ সংগঠনটি গড়ে তোলেন।*

৪০. 'সঞ্চিতা' কোন কবির কাব্য সংকলন?
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত
ⓖ কাজী নজরুল ইসলাম ⓖ জীবনানন্দ দাশ

(ব্যাখ্যা) *'সঞ্চিতা' কবি কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬ খ্রি) এর একটি কাব্য সংকলন। তার অন্যান্য উল্লেখযোগ্য কাব্যের মধ্যে রয়েছে— অগ্নিবীণা (১৯২২), দোলনচাঁপা (১৯২৩), বিষের বাঁশি (১৯২৫), সাম্যবাদী (১৯২৫), সর্বহারা (১৯২৬), ঝিঙেফুল (১৯২৬), ফণিমনসা (১৯২৭), সিন্ধু হিন্দোল (১৯২৭), জিঞ্জির (১৯২৮), চক্রবাক (১৯৩০), সঞ্চয়ন (১৯৫৫) ইত্যাদি।*

৪১. লেজার রশ্মি কে কত সালে আবিষ্কার করেন?
ⓚ বোর, ১৯৬৩ ⓚ রাদারফোর্ড, ১৯১৯
ⓖ হাইগ্যান, ১৯৬১ ⓖ মাইম্যান, ১৯৬০

(ব্যাখ্যা) *মাইম্যান ১৯৬০ সালে LASER (Light Amplification by Stimulated Emission Radiation) আবিষ্কার করেন।*

৪২. আর্সেনিকের পারমাণবিক সংখ্যা কত?
ⓚ ৩৯ ⓚ ৩২ ⓖ ৩৩ ⓖ ৩৪

(ব্যাখ্যা) *আর্সেনিক পর্যায় সারণীর ৩৩তম মৌল। এর প্রতীক As, আর্সেনিক যৌগ তীব্র বিষ। ওষুধ, কীটনাশক ইত্যাদি তৈরিতে এটি ব্যবহৃত হয়।*

উত্তর

| | |
|---|---|
| ৩০ | ঘ |
| ৩১ | ক |
| ৩২ | ঘ |
| ৩৩ | গ |
| ৩৪ | খ |
| ৩৫ | গ |
| ৩৬ | ক |
| ৩৭ | ঘ |
| ৩৮ | ক |
| ৩৯ | ক |
| ৪০ | গ |
| ৪১ | ঘ |
| ৪২ | গ |

৪৩. প্রথম টেস্টটিউব বেবীত্রয় কবে ভূমিষ্ঠ হয়?
ⓚ ২৭ মে ⓛ ২৪ মে ⓜ ৩০ মে ⓝ ৩১ মে
(ব্যাখ্যা) *৩০ মে ২০০১ ঢাকার গ্রিন রোডস্থ সেন্ট্রাল হসপিটালে ফিরোজা বেগম ও আবু হানিফ দম্পতি প্রথম টেস্টটিউব সন্তানের পিতা-মাতা হন। চিকিৎসক ছিলেন ডা. পারভীন ফাতেমা।*

৪৪. ডেঙ্গু জ্বরের বাহক কোন মশা?
ⓚ অ্যানোফিলিস ⓛ এডিস
ⓜ কিউলেক্স ⓝ সব ধরনের মশা
(ব্যাখ্যা) *অ্যানোফিলিস মশা ম্যালেরিয়া, কিউলেক্স মশা ফাইলেরিয়া এবং এডিস মশা ডেঙ্গু জ্বরের জীবাণু বহন করে। এডিস মশা পীতজ্বরের জীবাণুও বহন করে।*

৪৫. কোনটি বেশি স্থিতিস্থাপক?
ⓚ ইস্পাত ⓛ রাবার ⓜ কাচ ⓝ পানি
(ব্যাখ্যা) *বাইরে থেকে প্রযুক্ত বল অপসারিত হলে বিকৃত বস্তু যে ধর্মের ফলে তার পূর্বের অবস্থায় ফিরে আসে, তাকে স্থিতিস্থাপকতা বলে এবং উক্ত বস্তুটিকে স্থিতিস্থাপক বস্তু বলে। যেসব বস্তুর ক্ষেত্রে পীড়ন ও বিকৃতির অনুপাত বেশি অর্থাৎ স্থিতিস্থাপক গুণাঙ্কের মান বেশি সেসব বস্তু বেশি স্থিতিস্থাপক। ইস্পাতের ক্ষেত্রে অধিক পীড়ন দেয়া সত্ত্বেও বিকৃতির মান যৎসামান্য হয়। কিন্তু রাবারের ক্ষেত্রে অল্প পীড়ন দিলেই বিকৃতির মান অনেক বেশি হয়। সুতরাং রাবারের ক্ষেত্রে পীড়ন ও বিকৃতির অনুপাত অনেক কম। অতএব ইস্পাত, রাবার অপেক্ষা বেশি স্থিতিস্থাপক।*

৪৬. ঘন পাতাবিশিষ্ট বৃক্ষের নিচে রাতে ঘুমানো স্বাস্থ্যসম্মত নয়, কারণ গাছ হতে—
ⓚ অধিক পরিমাণে অক্সিজেন নির্গত হয়
ⓛ অধিক পরিমাণে কার্বন ডাই অক্সাইড নির্গত হয়
ⓜ অধিক পরিমাণে কার্বন মনো-অক্সাইড নির্গত হয়
ⓝ বিষাক্ত সায়ানাইড নির্গত হয়
(ব্যাখ্যা) *জীবন্ত প্রতিটি জীবের জন্য শ্বসন একটি অপরিহার্য ক্রিয়া, যার জন্য অক্সিজেন প্রয়োজন। দিনের বেলায় সালোকসংশ্লেষণে উদ্ভিদ বায়ুমণ্ডল থেকে কার্বন-ডাই-অক্সাইড গ্রহণ করে এবং অক্সিজেন ত্যাগ করে। রাতে সালোকসংশ্লেষণ বন্ধ থাকে এবং এ সময় উদ্ভিদ শ্বসন ক্রিয়া চালানোর জন্য অক্সিজেন গ্রহণ করে এবং কার্বন-ডাই-অক্সাইড ত্যাগ করে। রাতে ঘন পাতাবিশিষ্ট গাছের নিচে ঘুমানো স্বাস্থ্যসম্মত নয় কারণ এতে অক্সিজেনের অভাবে ঘুমন্ত ব্যক্তির শ্বাস- প্রশ্বাসে বিঘ্ন ঘটতে পারে।*

৪৭. IUCN-এর কাজ হলো বিশ্বব্যাপী—
ⓚ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করা
ⓛ মানবাধিকার সংরক্ষণ করা
ⓜ পানি সম্পদ সংরক্ষণ করা
ⓝ আন্তর্জাতিক সন্ত্রাস দমন করা
(ব্যাখ্যা) *'International Union for Conservation of Nature' (IUCN) একটি আন্তর্জাতিক জীববৈচিত্র্য সংরক্ষণবাদী সংস্থা। এটি জীববৈচিত্র্য ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের উদ্দেশ্যে ১৯৪৮ সালের ৫ অক্টোবর প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের গ্লান্ডে।*

৪৮. রক্তে কোলেস্টেরলের পরিমাণ বেড়ে গেলে কোনটি খাওয়া উচিত নয়?
ⓚ বেলে মাছ ⓛ পালং শাক ⓜ খাশির মাংস ⓝ মুরগির মাংস
(ব্যাখ্যা) *রক্তে কোলেস্টেরল বেড়ে গেলে তা রক্ত পরিবহন তন্ত্রে পুরু স্তর তৈরি করে রক্তপ্রবাহে বাঁধা সৃষ্টি করে, যার ফলে হৃৎপিণ্ডের নানারকম রোগসহ স্ট্রোক হতে পারে। সাধারণত চর্বিযুক্ত খাবারে উচ্চ মাত্রার কোলেস্টেরল থাকে। যেমন- খাসির মাংস, গরুর মাংস ইত্যাদি। উদ্ভিদজাত খাবার, স্বাদু পানির মাছ ইত্যাদিতে কোলেস্টেরলের মাত্রা কম।*

৪৯. স্বর্ণের খাদ বের করতে কোন অ্যাসিড ব্যবহার করা হয়?
ⓚ সাইট্রিক অ্যাসিড ⓛ নাইট্রিক অ্যাসিড
ⓜ হাইড্রোক্লোরিক অ্যাসিড ⓝ টারটারিক অ্যাসিড
(ব্যাখ্যা) *নাইট্রিক অ্যাসিড স্বর্ণের সাথে বিক্রিয়া না করে স্বর্ণে মিশ্রিত বিভিন্ন খাদের সাথে বিক্রিয়া করে গলিয়ে দেয় বলে স্বর্ণের খাদ বের করতে নাইট্রিক অ্যাসিড ব্যবহার করা হয়।*

৫০. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে বলা হয়—
ⓚ ইন্টারকম ⓛ ইন্টারনেট
ⓜ ই-মেইল ⓝ ইন্টারসীড
(ব্যাখ্যা) *টেলিফোন সিস্টেমকে ব্যবহার করে সারা বিশ্বে ছড়িয়ে থাকা অসংখ্য কম্পিউটারকে পরস্পর সম্পর্কযুক্ত করে তাদের মধ্যে যে আন্তঃসম্পর্ক বা যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা হয় তাকে ইন্টারনেট বলে।*

৫১. বর্তমান বৃহত্তর ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?
ⓚ সমতট ⓛ পুণ্ড্র ⓜ বঙ্গ ⓝ হরিকেল
(ব্যাখ্যা) *বঙ্গ খুবই প্রাচীন দেশ। 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে সর্বপ্রথম বঙ্গ-এর উল্লেখ পাওয়া যায়। প্রাচীনকালে বঙ্গ জনপদের অন্তর্ভুক্ত জেলাগুলো কুষ্টিয়া, যশোর, নদীয়া, শান্তিপুর, ঢাকা, ফরিদপুর এবং বৃহত্তর ময়মনসিংহ।*

৫২. বাংলায় মুসলিম আধিপত্য বিস্তারের সূচনা কে করেন?
ⓚ আলী মর্দান খলজী ⓛ তুঘরিল খান
ⓜ শামসুদ্দিন ফিরোজ শাহ
ⓝ ইখতিয়ারউদ্দীন মোহাম্মদ বিন বখতিয়ার খলজী
(ব্যাখ্যা) *১২০৪ সালে বখতিয়ার খলজী অশ্ব বিক্রেতার বেশে অতর্কিতে লক্ষ্মণ সেনের রাজধানী নদীয়া আক্রমণ করলে লক্ষ্মণ সেন পূর্বদিকে পলায়ন করে এবং বখতিয়ার খলজী বাংলায় মুসলিম শাসনের সূত্রপাত ঘটান।*

৫৩. ঢাকায় সুবা-বাংলার রাজধানী কখন স্থাপিত হয়?
ⓚ ১৬১০ সালে ⓛ ১৫৭৬ সালে
ⓜ ১৯০৫ সালে ⓝ ১৯৪৭ সালে
(ব্যাখ্যা) *১৬১০ সালে সুবাদার ইসলাম খান কর্তৃক বাংলার রাজধানী বিহারের রাজমহল থেকে ঢাকায় স্থানান্তরিত হয় এবং নামকরণ করা হয় জাহাঙ্গীরনগর। স্বাধীনতার পূর্বে ঢাকা চারবার (১৬১০, ১৬৬০, ১৯০৫ ও ১৯৪৭ সালে) বাংলার রাজধানীর মর্যাদা লাভ করে।*

উত্তর

| | |
|---|---|
| ৪৩ | গ |
| ৪৪ | খ |
| ৪৫ | ক |
| ৪৬ | খ |
| ৪৭ | ক |
| ৪৮ | গ |
| ৪৯ | খ |
| ৫০ | খ |
| ৫১ | গ |
| ৫২ | ঘ |
| ৫৩ | ক |

৫৪. কোন মুঘল সুবাদার চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ?
ⓚ ইসলাম খান ⓚ রাজা মানসিংহ
ⓖ মীর জুমলা ⓘ শায়েস্তা খান

(ব্যাখ্যা) *শায়েস্তা খান মগ জলদস্যুদের তাড়িয়ে চট্টগ্রাম দখল করেন এবং এর নাম রাখেন 'ইসলামাবাদ'। পরে তিনি ছোট কাটরা এবং মোহাম্মদপুরের সাত গম্বুজ মসজিদ (১৬৮০ সালে) নির্মাণ করেন। উল্লেখ্য, মুঘল সম্রাট জাহাঙ্গীর ক্ষমতা দখল করে ইসলাম খানকে বাংলার সুবেদার (১৬০৮-১৬১৩ খ্রি.) নিয়োগ করেন।*

৫৫. ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কখন বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানী লাভ করে?
ⓚ ১৬৯০ সালে ⓚ ১৭৬৫ সালে
ⓖ ১৭৯৩ সালে ⓘ ১৮২৯ সালে

(ব্যাখ্যা) *বক্সারের যুদ্ধে (১৭৬৪ সাল) ইংরেজ বাহিনী পরাজিত হলে লর্ড ক্লাইভ মীরজাফরের নাবালক পুত্রকে বাংলার সিংহাসনে বসান। ১৭৬৫ সালে দিল্লির সম্রাট শাহ আলমের নিকট থেকে বার্ষিক ২৬ লাখ টাকার বিনিময়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করে।*

৫৬. বাংলায় ফরায়েজী আন্দোলনের উদ্যোক্তা কে ছিলেন?
ⓚ মাওলানা কেরামত আলী ⓚ শাহ ওলিউল্লাহ
ⓖ হাজী শরীয়তউল্লাহ ⓘ পীর মুহসীনুদ্দীন

(ব্যাখ্যা) *মুসলমানদের ফরজ কাজসমূহ পালনে উদ্বুদ্ধ করার আন্দোলনই ফরায়েজী আন্দোলন, যার নেতৃত্ব দেন হাজী শরীয়তউল্লাহ এবং তার মৃত্যুর পর ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব দেন তার একমাত্র পুত্র দুদু মিয়া।*

৫৭. বাংলায় মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনের জন্য কে অগ্রণী ভূমিকা পালন করেন?
ⓚ সৈয়দ আমীর আলী ⓚ নওয়াব আবদুল লতিফ
ⓖ নওয়াব স্যার সলিমুল্লাহ ⓘ স্যার সৈয়দ আহমেদ খান

(ব্যাখ্যা) *নওয়াব আবদুল লতিফ বাংলার মুসলমানদের মাঝে ইংরেজি শিক্ষা প্রবর্তনে অগ্রণী ভূমিকা পালন করেন। তার প্রচেষ্টায় রামমোহন রায় প্রতিষ্ঠিত হিন্দু কলেজ ১৮৫৪ সালে প্রেসিডেন্সি কলেজে রূপান্তরিত হয়।*

৫৮. বঙ্গভঙ্গ রদ হয় কোন সালে?
ⓚ ১৯০৫ সালে ⓚ ১৯১৬ সালে ⓖ ১৯২৩ সালে ⓘ ১৯১১ সালে

(ব্যাখ্যা) *হিন্দুদের তীব্র আন্দোলনের ফলে ভারতবর্ষে ব্রিটিশ বাণিজ্যে অচলাবস্থার সৃষ্টি হলে ১২ ডিসেম্বর ১৯১১ রাজা পঞ্চম জর্জ দিল্লি দরবারে বঙ্গবিভাগ রদের ঘোষণা দেন এবং ১৯১২ সালের ২০ জানুয়ারি তা কার্যকর হয়।*

৫৯. অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন?
ⓚ হোসেন শহীদ সোহরাওয়ার্দী ⓚ এ কে ফজলুল হক
ⓖ খাজা নাজিমউদ্দীন ⓘ আবুল হাশেম

(ব্যাখ্যা) *হোসেন শহীদ সোহরাওয়ার্দী ১৯২১ সালে বঙ্গীয় ব্যবস্থাপক পরিষদের সদস্য নির্বাচিত হন। ১৯৩৭ সালে নির্বাচনের পর তিনি মন্ত্রিসভার সদস্য হন। ১৯৪৬ সালে অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী হন। ১৯৫৪ সালে পাকিস্তানের কেন্দ্রীয় মন্ত্রিসভায় যোগ দেন এবং ১৯৫৬ সালে তিনি পাকিস্তানের প্রধানমন্ত্রী হন।*

৬০. পাকিস্তান শাসনতান্ত্রিক পরিষদের (Constituent Assembly) ধারা বিবরণীতে বাংলা ভাষা ব্যবহারের দাবি কে প্রথম করেছিলেন?
ⓚ আবুল হাশেম ⓚ শেখ মুজিবুর রহমান
ⓖ ড. মুহাম্মদ শহীদুল্লাহ ⓘ ধীরেন্দ্রনাথ দত্ত

(ব্যাখ্যা) *২৩ ফেব্রুয়ারি ১৯৪৮ পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশনের শুরুতে গণপরিষদ সদস্য কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত (১৮৮৬-১৯৭১) উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রস্তাব উত্থাপন করেন।*

৬১. বাংলাদেশের নদীগুলোর মধ্যে সবেচেয়ে দীর্ঘ পথ অতিক্রম করেছে কোনটি?
ⓚ ব্রহ্মপুত্র ⓚ পদ্মা ⓖ মেঘনা ⓘ যমুনা

(ব্যাখ্যা) *ব্রহ্মপুত্র হিমালয় পর্বতের কৈলাস শৃঙ্গের মানস সরোবরে উৎপত্তি হয়ে তিব্বতে সানপো এবং আসামে ডিহং নাম ধারণ করে। অবশেষে ব্রহ্মপুত্র নামে বাংলাদেশে প্রবেশ করেছে। সানপো, ডিহং ও ব্রহ্মপুত্রের মোট দৈর্ঘ্য ২৮৫০ কিমি, যা বিশ্বের ২২তম দীর্ঘ নদী (সূত্র : বাংলাপিডিয়া)।*

৬২. বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র কোনটি?
ⓚ ময়নামতি ⓚ পাহাড়পুর ⓖ মহাস্থান গড় ⓘ সোনারগাঁও

(ব্যাখ্যা) *বগুড়া জেলার করতোয়া নদীর তীরে অবস্থিত মহাস্থানগড়ের পূর্ব নাম পুণ্ড্রবর্ধন। এটি মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল। মহাস্থানগড়ে মৌর্য যুগের শিলালিপি পাওয়া গেছে। এখানে রয়েছে খোদার পাথর ভিটা, বিখ্যাত সাধক শাহ সুলতান বলখী মাহী সওয়ার (র)-এর মাজার শরীফ।*

৬৩. বাংলাদেশের সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ কোনটি?
ⓚ কুসুম্বা মসজিদ ⓚ বড় সোনা মসজিদ
ⓖ ষাট গম্বুজ মসজিদ ⓘ সাত গম্বুজ মসজিদ

(ব্যাখ্যা) *সুলতানী আমলে নির্মিত ষাটগম্বুজ মসজিদটি বাগেরহাট জেলায় অবস্থিত। ষাট গম্বুজ মসজিদের গম্বুজ সংখ্যা ৮১টি, চার কোণায় ৪টি এবং মাঝে ৭৭টি। পঞ্চদশ শতকে নির্মিত এ মসজিদটি নির্মাণ করেন খান জাহান আলী।*

৬৪. ইরানের কবি হাফিজের সাথে পত্রালাপ হয়েছিল বাংলার কোন সুলতানের?
ⓚ গিয়াসউদ্দীন আযম শাহ ⓚ আলাউদ্দীন হুসেন শাহ
ⓖ ফখরুদ্দীন মোবারক শাহ ⓘ ইলিয়াস শাহ

(ব্যাখ্যা) *ইলিয়াস শাহী বংশের শেষ সুলতান গিয়াসউদ্দীন আযম শাহ ফারসি ভাষায় কবিতা লিখতেন। তিনি একটি অসমাপ্ত কবিতা লিখে পারস্য কবি হাফিজের কাছে পাঠান। হাফিজ উক্ত কবিতা সম্পূর্ণ করে সোনারগাঁওয়ে প্রেরণ করেন।*

৬৫. বাংলাদেশের জাতীয় দিবস কোনটি?
ⓚ ১৬ ডিসেম্বর ⓚ ২৬ মার্চ
ⓖ ২১ ফেব্রুয়ারি ⓘ ৭ মার্চ

(ব্যাখ্যা) *২৬ মার্চ হলো বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস। অন্যদিকে ১৬ ডিসেম্বর বাংলাদেশের বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং ৭ মার্চ রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর ভাষণ দিবস।*

উত্তর

| | |
|---|---|
| ৫৪ | ঘ |
| ৫৫ | খ |
| ৫৬ | গ |
| ৫৭ | খ |
| ৫৮ | ঘ |
| ৫৯ | ক |
| ৬০ | ঘ |
| ৬১ | ক |
| ৬২ | গ |
| ৬৩ | গ |
| ৬৪ | ক |
| ৬৫ | খ |

**৬৬. বাংলাদেশে জাতীয় সংসদের অধিবেশন কে আহ্বান করেন?**

ⓚ প্রধানমন্ত্রী ⓚh রাষ্ট্রপতি
ⓖ স্পিকার ⓖh প্রধান বিচারপতি

(ব্যাখ্যা) *সংবিধানের ৭২ (১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি সংসদের অধিবেশন আহ্বান করেন। উল্লেখ্য, উক্ত ধারা অনুসারে সরকারি বিজ্ঞপ্তি দ্বারা রাষ্ট্রপতি সংসদ স্থগিত ও ভঙ্গ করতে পারেন এবং প্রথম বৈঠকের সময় ও স্থান নির্ধারণ করতে পারেন।*

**৬৭. বাংলাদেশের কোন স্থপতি সবচেয়ে বেশি আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা পেয়েছেন?**

ⓚ হামিদুর রহমান ⓚh ফজলুর রহমান খান
ⓖ নভেরা আহমদ ⓖh জুলফিকার আলী খান

(ব্যাখ্যা) *ফজলুর রহমান খান স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের অন্যতম পথিকৃৎ। তিনি আমেরিকার শিকাগো শহরে অবস্থিত বিখ্যাত সিয়ার্স টাওয়ারের স্থপতি। তিনি তার স্বতন্ত্র নির্মাণ কৌশলের স্বীকৃতিস্বরূপ লাভ করেছিলেন নানা আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা। যেমন– 'কন্সট্রাকশন্স ম্যান অব দ্য ইয়ার' (১৯৭২), 'আগা খান পদক' (১৯৮৩) ইত্যাদি।*

**৬৮. পরী বিবি কে ছিলেন?**

ⓚ আওরঙ্গজেবের কন্যা ⓚh শায়েস্তা খানের কন্যা
ⓖ মুর্শিদকুলি খানের স্ত্রী ⓖh আজিমুসশানের মাতা

(ব্যাখ্যা) *শায়েস্তা খানের কন্যা পরী বিবির আসল নাম ইরান দুখত। পরী বিবির মাজার লালবাগ কেল্লার অভ্যন্তরে দরবারগৃহ থেকে ২৭৫ ফুট পশ্চিমে অবস্থিত।*

**৬৯. পাহাড়পুরের বৌদ্ধ বিহারের নির্মাতা কে?**

ⓚ রামপাল ⓚh ধর্মপাল
ⓖ চন্দ্রগুপ্ত মৌর্য ⓖh আদিশুর

(ব্যাখ্যা) *নওগাঁ জেলায় অবস্থিত পাহাড়পুরের বৌদ্ধ বিহারের নাম সোমপুর বিহার। এর নির্মাতা ধর্মপাল ছিলেন পাল বংশের শ্রেষ্ঠ সম্রাট।*

**৭০. বাংলাদেশের সবচেয়ে দক্ষিণের জেলা কোনটি?**

ⓚ চট্টগ্রাম ⓚh ভোলা
ⓖ কক্সবাজার ⓖh পটুয়াখালী

(ব্যাখ্যা) *বাংলাদেশের ৬৪টি জেলার মধ্যে সর্ব উত্তরের জেলা পঞ্চগড় ও উপজেলা তেঁতুলিয়া। সর্ব দক্ষিণের জেলা কক্সবাজার ও উপজেলা টেকনাফ। সর্ব পূর্বের জেলা বান্দরবান ও উপজেলা থানচি এবং সর্ব পশ্চিমের জেলা চাঁপাইনবাবগঞ্জ ও উপজেলা শিবগঞ্জ।*

**৭১. কে গণিতবিদ নন?**

ⓚ ওমর খৈয়াম ⓚh আল-খারিজমী
ⓖ ইবনে খলদুন ⓖh উলুগ বেগ

(ব্যাখ্যা) *ইবনে খলদুন একজন প্রখ্যাত সমাজবিজ্ঞানী অন্যদিকে ওমর খৈয়াম, আল-খারিজমী ও উলুগ বেগ এ তিনজনেরই গণিতশাস্ত্রে অবদান রয়েছে।*

**৭২. ২ এবং ৩২ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?**

ⓚ ১১টি ⓚh ৯টি ⓖ ৮টি ⓖh ১০টি

(ব্যাখ্যা) *২ এবং ৩২-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হলো ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ ও ৩১।*
*২ এবং ৩২ এর মধ্যে মৌলিক সংখ্যা ১০টি।*

**৭৩. ১, ১, ২, ৩, ৫, ৮, .... এই সংখ্যা পরম্পরায় অষ্টম পদ কত?**

ⓚ ২১ ⓚh ১৩ ⓖ ১৯ ⓖh ১৬

(ব্যাখ্যা) *প্রথম পদ + দ্বিতীয় পদ = তৃতীয় পদ = ২*
*দ্বিতীয় পদ + তৃতীয় পদ = চতুর্থ পদ = ৩*
*তৃতীয় পদ + চতুর্থ পদ = পঞ্চম পদ = ৫*
*চতুর্থ পদ + পঞ্চম পদ = ষষ্ঠ পদ = ৮*
*পঞ্চম পদ + ষষ্ঠ পদ = সপ্তম পদ = ১৩*
*ষষ্ঠ পদ + সপ্তম পদ = অষ্টম পদ = ২১*

**৭৪. টিপুর বোনের বয়স টিপুর বয়সের ও তাঁর বাবার বয়সের মধ্য-সমানুপাতী। টিপুর বয়স ১২ বছর, বাবার বয়স ৪৮ বছর হলে বোনের বয়স কত?**

ⓚ ১৬ বছর ⓚh ২৪ বছর ⓖ ১৮ বছর ⓖh ২০ বছর

(ব্যাখ্যা) *ধরি, ক = টিপুর বয়স = ১২*
*গ = টিপুর বাবার বয়স = ৪৮*
*খ = টিপুর বোনের বয়স = ?*
*ক ঃ খ ঃ খ ঃ গ হলে—*
$খ^2 = কগ$
$খ = \sqrt{কগ}$
$খ = \sqrt{১২ \times ৪৮} = ২৪$

**৭৫. কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?**

ⓚ $\frac{১}{১১}$ ⓚh $\frac{৩}{৩১}$ ⓖ $\frac{২}{২১}$ ⓖh $\sqrt{০.০২}$

(ব্যাখ্যা) (ক) $\frac{১}{১১} = ০.০৯০$; (খ) $\frac{৩}{৩১} = ০.০৯৭$;
(গ) $\frac{২}{২১} = ০.০৯৫$ (ঘ) $\sqrt{০.০২} = ০.১৪১$

*সুতরাং, সবচেয়ে ক্ষুদ্রতম সংখ্যা* $\frac{১}{১১}$ ।

**৭৬. ২০০২ সংখ্যাটি কোন সংখ্যাগুচ্ছের ল.সা.গু. নয়?**

ⓚ ১৩, ৭৭, ৯১, ১৪৩ ⓚh ৭, ২২, ২৬, ৯১
ⓖ ২৬, ৭৭, ১৪৩, ১৫৪ ⓖh ২, ৭, ১১, ১৩

(ব্যাখ্যা) *১৩, ৭৭, ৯১, ১৪৩-এর ল.সা.গু. = ১০০১*
*৭, ২২, ২৬, ৯১-এর ল.সা.গু. = ২০০২*
*২৬, ৭৭, ১৪৩, ১৫৪-এর ল.সা.গু. = ২০০২*
*২, ৭, ১১, ১৩-এর ল.সা.গু. = ২০০২*

**৭৭. একজন শ্রমিক প্রতিদিন প্রথম ৮ ঘণ্টা কাজের জন্য ঘণ্টায় ১০ টাকা করে এবং পরবর্তী সময়ের ঘণ্টায় ১৫ টাকা করে মজুরি পায়। দৈনিক ১০ ঘণ্টা কাজ করলে তার ঘণ্টাপ্রতি গড় মজুরি কত?**

ⓚ ১১ টাকা ⓚh ১২ টাকা
ⓖ ১২.৫০ টাকা ⓖh ১৩ টাকা

**উত্তর**

| | |
|---|---|
| ৬৬ | খ |
| ৬৭ | খ |
| ৬৮ | খ |
| ৬৯ | খ |
| ৭০ | গ |
| ৭১ | গ |
| ৭২ | ঘ |
| ৭৩ | ক |
| ৭৪ | খ |
| ৭৫ | ক |
| ৭৬ | ক |
| ৭৭ | ক |


VisionApps10

(ব্যাখ্যা) এখানে, প্রথম ৮ ঘণ্টায় পায় = ৮ × ১০ = ৮০ টাকা
পরবর্তী ২ ঘণ্টায় পায় = ২ × ১৫ = ৩০ টাকা
১০ ঘণ্টায় পায় = ১১০ টাকা
১ " = $\frac{১১০}{১০}$ = ১১ টাকা।

**৭৮. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত?**
ⓐ ২৫% ⓑ ২৮% ⓒ ৩০% ⓓ ৩২%
(ব্যাখ্যা) ৬০ − ৪২ = ১৮
৬০ জনের মধ্যে পাস করে ১৮ জন
১ " $\frac{১৮}{৬০}$
১০০ " $\frac{১৮ \times ১০০}{৬০}$ = ৩০ জন

**৭৯. ঢাকা থেকে চট্টগ্রামের দূরত্ব ১৮৫ মাইল। চট্টগ্রাম থেকে একটি বাস ২ ঘণ্টায় প্রথম ১৮৫ মাইল যাওয়ার পর পরবর্তী ১০০ মাইল কত সময়ে গেলে গড়ে ঘণ্টায় ৫০ মাইল যাওয়া হবে?**
ⓐ ১০০ মিনিট ⓑ ১০২ মিনিট
ⓒ ১১০ মিনিট ⓓ ১১২ মিনিট
(ব্যাখ্যা) বাসটি গড়ে ঘণ্টায় ৫০ মাইল গেলে
৫০ মাইল যায় ১ ঘণ্টায়
১৮৫ মাইল যায় $\frac{১৮৫ \times ১}{৫০}$ ঘণ্টায়
= $\frac{১৮৫ \times ৬০}{৫০}$ মিনিট= ২২২ মিনিট।
পরবর্তী ১০০ মাইল যেতে সময় লাগবে = (২২২ − ১২০) মিনিট
= ১০২ মিনিট।

**৮০. ০.১ এর বর্গমূল কত?**
ⓐ ০.১ ⓑ ০.০১ ⓒ ০.২৫ ⓓ কোনোটিই নয়
(ব্যাখ্যা) ০.১ এর বর্গমূল $\sqrt{০.১}$ = ০.৩১৬২।

**৮১. SAPTA অর্থ—**
ⓐ SAARC Preferential Trading Arrangement
ⓑ South Asian Preferential Trading Arrangement
ⓒ SAARC Preferential Tariff Agreement
ⓓ South Asian Preferential Tariff Agreement
(ব্যাখ্যা) SAPTA হলো দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা SAARC দেশগুলোর মধ্যকার সম্পাদিত একটি বাণিজ্য চুক্তি। এর পূর্ণরূপ SAARC Preferential Trading Arrangement. ১৯৯৩ সালের ১১ এপ্রিল ঢাকায় অনুষ্ঠিত সার্কের সপ্তম শীর্ষ সম্মেলনে এই চুক্তিটি স্বাক্ষরিত হয় এবং ৮ ডিসেম্বর ১৯৯৫ থেকে SAPTA কার্যকর হয়।

**৮২. ক্রিকেট টেস্টের ইতিহাসে কনিষ্ঠতম ব্যাটসম্যান হিসেবে সেঞ্চুরি করেছেন—**
ⓐ ভারতের শচীন টেন্ডুলকার ⓑ অস্ট্রেলিয়ার ডন ব্র্যাডম্যান
ⓒ ইংল্যান্ডের বেন হার্টন ⓓ বাংলাদেশের মোঃ আশরাফুল
(ব্যাখ্যা) টেস্ট ক্রিকেটের সর্বকনিষ্ঠ সেঞ্চুরিয়ান হিসেবে মোহাম্মদ আশরাফুল এশিয়ান টেস্ট চ্যাম্পিয়নশীপে শ্রীলংকার বিরুদ্ধে প্রথম সেঞ্চুরি করেন। এ সময় তার বয়স ছিল ১৬ বছর ২৬৪ দিন।

**৮৩. ফুটবল বিশ্বকাপে সবচেয়ে বেশি চ্যাম্পিয়ন হয়েছে—**
ⓐ আর্জেন্টিনা ⓑ ব্রাজিল ⓒ ইতালি ⓓ ফ্রান্স
(ব্যাখ্যা) ফুটবল বিশ্বকাপে সবচেয়ে বেশি চ্যাম্পিয়ন হয়েছে ব্রাজিল পাঁচবার (১৯৫৮, ১৯৬২, ১৯৭০, ১৯৯৪, এবং ২০০২)। অন্যদিকে, আর্জেন্টিনা ২ বার (১৯৭৮, ১৯৮৬), ইতালি ৪ বার (১৯৩৪, ১৯৩৮, ১৯৮২ ও ২০০৬) এবং ফ্রান্স ২বার (১৯৯৮, ২০১৮) বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে।

**৮৪. চন্দ্রপৃষ্ঠে প্রথম অবতরণকারী মানুষের নাম ও দেশ—**
ⓐ ইয়ুরি গ্যাগারিন, রাশিয়া ⓑ জন গ্রেন, যুক্তরাষ্ট্র
ⓒ রিচার্ড এলড্রিন, যুক্তরাষ্ট্র ⓓ নীল আর্মস্ট্রং, যুক্তরাষ্ট্র
(ব্যাখ্যা) ১৯৬৯ সালের ২১ জুলাই নীল আর্মস্ট্রং প্রথম মানুষ হিসেবে চন্দ্রপৃষ্ঠে অবতরণ করেন। 'অ্যাপোলো-১১' নামক মহাকাশযানে তিনিসহ এডউইন অলড্রিন ও মাইকেল কলিন্স এ অভিযানে অংশ নেন। অন্যদিকে ইয়ুরি গ্যাগারিন (রাশিয়া) হলেন বিশ্বের প্রথম মহাকাশচারী।

**৮৫. WTO-এর সদর দপ্তর কোন শহরে?**
ⓐ প্যারিস ⓑ টোকিও ⓒ জেনেভা ⓓ নিউইয়র্ক
(ব্যাখ্যা) ১৯৯৫ সালের ১ জানুয়ারি GATT (General Agreement on Tariffs and Trade) রূপান্তরের মাধ্যমে WTO(World Trade Organization) প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়।

**৮৬. এনরন (ENRON) কি?**
ⓐ একটি যুদ্ধবিমানবাহী জাহাজ
ⓑ একটি ঔষধের নাম ⓒ এক প্রকার রোগজীবাণু
ⓓ পৃথিবীর অন্যতম বৃহত্তম দেউলিয়া ঘোষিত জ্বালানি কোম্পানি
(ব্যাখ্যা) যুক্তরাষ্ট্রভিত্তিক জ্বালানি কোম্পানি এনরন ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয় এবং ২০০৪ সালের নভেম্বরে এটি দেউলিয়া ঘোষিত হয়।

**৮৭. ২০০২ সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন—**
ⓐ ইয়াসির আরাফাত ⓑ জিমি কার্টার
ⓒ কফি আনান ⓓ মাদার তেরেসা
(ব্যাখ্যা) জিমি কার্টার বিশ্বশান্তি রক্ষায় অবদান রাখার জন্য ২০০২ সালের নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। অন্যদিকে, ইয়াসির আরাফাত ১৯৯৪ সালে ও মাদার তেরেসা ১৯৭৯ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। কফি আনান ও জাতিসংঘ ২০০১ সালে যৌথভাবে নোবেল পুরস্কার লাভ করে। ২০১৮ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের চিকিৎসক ডেনিস মুকওয়েগে ও ইরাকের ইয়াজিদি সম্প্রদায়ের নারী মানবাধিকারকর্মী নাদিয়া মুরাদ।

**৮৮. অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল-এর সদর দপ্তর কোথায়?**
ⓐ প্যারিস ⓑ জেনেভা
ⓒ রোম ⓓ লন্ডন
(ব্যাখ্যা) অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বিশ্বব্যাপী একটি স্বেচ্ছাসেবী মানবাধিকার সংগঠন। ১৯৬১ সালে এটি ব্রিটেনে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর ইংল্যান্ডের লন্ডনে অবস্থিত।

উত্তর

| | |
|---|---|
| ৭৮ | গ |
| ৭৯ | খ |
| ৮০ | ঘ |
| ৮১ | ক |
| ৮২ | ঘ |
| ৮৩ | খ |
| ৮৪ | ঘ |
| ৮৫ | গ |
| ৮৬ | ঘ |
| ৮৭ | খ |
| ৮৮ | ঘ |

৮৯. ওপেকভুক্ত অ-আরব মুসলিম দেশ কোনটি?
ⓚ ইন্দোনেশিয়া ⓚ মালয়েশিয়া
ⓖ ইরাক ⓖ ইরান

(ব্যাখ্যা) অপশনে প্রদত্ত চারটি দেশের মধ্যে ১০ সেপ্টেম্বর ২০০৮ ইন্দোনেশিয়া OPEC ত্যাগ করায় একমাত্র ইরানই অ-আরব মুসলিম দেশ। তবে বর্তমানে OPEC-এর ১৫টি সদস্যের মধ্যে অ-আরব মুসলিম দেশ হলো ইরান ও নাইজেরিয়া। OPEC-এর পূর্ণরূপ Organization of the Petroleum Exporting Countries। ১৯৬০ সালের ১৪ সেপ্টেম্বর এই সংস্থাটি প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর অস্ট্রিয়ার ভিয়েনায়।

৯০. জাতিসংঘ সনদ স্বাক্ষর সম্মেলনে উপস্থিত না থেকেও কোন রাষ্ট্র প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে পরিগণিত হয়?
ⓚ হাঙ্গেরি ⓚ জার্মানি ⓖ পোল্যান্ড ⓖ ব্রিটেন

(ব্যাখ্যা) দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষের দিকে ১৯৪৫-এর এপ্রিল-জুন সানফ্রান্সিসকো সম্মেলনে জাতিসংঘ সনদ গ্রহণ এবং ২৬ জুন ১৯৪৫ উপস্থিত ৫০টি দেশ সনদ স্বাক্ষরের মধ্য দিয়ে বিশ্ব সংস্থা জাতিসংঘের জন্ম হয়। পোল্যান্ড এ সম্মেলনে ছিল না। ১৫ অক্টোবর পোল্যান্ড স্বাক্ষর করে এবং ২৪ অক্টোবর জাতিসংঘ আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। পোল্যান্ড জাতিসংঘ সনদ স্বাক্ষর সম্মেলনে উপস্থিত না থাকলেও এ ৫১টি দেশকেই জাতিসংঘের প্রতিষ্ঠাতা সদস্য ধরা হয়ে থাকে।

৯১. 'ব্লাক ক্যাট' কোন দেশের কমান্ডো বাহিনী?
ⓚ নেপাল ⓚ ভারত ⓖ মিয়ানমার ⓖ ইরান

(ব্যাখ্যা) 'ব্লাক ক্যাট' হলো ভারতের প্রধানমন্ত্রীকে নিরাপত্তা দানের জন্য গঠিত বিশেষ বাহিনী।

৯২. কত সালে আফগানিস্তান থেকে সোভিয়েত সৈন্য প্রত্যাহার করা হয়?
ⓚ ১৯৮৮ সালে ⓚ ১৯৮৯ সালে
ⓖ ১৯৯০ সালে ⓖ ১৯৯১ সালে

(ব্যাখ্যা) সাবেক সোভিয়েত ইউনিয়ন ১৯৭৯ সালে আফগানিস্তান দখল করলে মার্কিন সমর্থনে আফগানিস্তানে বিভিন্ন গোষ্ঠী সোভিয়েত সৈন্যদের বিরুদ্ধে গেরিলা যুদ্ধ চালিয়ে যায়। ব্যাপক ক্ষয়ক্ষতির মুখোমুখি হয়ে ১৯৮৯ সালের ফেব্রুয়ারি মাসে জরুরি অবস্থা ঘোষণা করে সোভিয়েত ইউনিয়ন সৈন্য প্রত্যাহার করে।

৯৩. 'নাগার্নো কারাবাখ' কোন দুটি দেশের করিডোর?
ⓚ আজারবাইজান-আর্মেনিয়া ⓚ আর্মেনিয়া-লাটভিয়া
ⓖ কাজখস্তান-আজারবাইজান ⓖ রাশিয়া-আর্মেনিয়া

(ব্যাখ্যা) আজারবাইজান ও আর্মেনিয়ার মধ্যে বিরোধ সৃষ্টিকারী খ্রিষ্টান অধ্যুষিত একটি ছিটমহল নাগার্নো কারাবাখ।

৯৪. ইন্দোনেশিয়ার পর্যটনকেন্দ্র বালি দ্বীপে কোন তারিখে শক্তিশালী বোমা হামলায় ব্যাপক প্রাণহানিসহ একটি নাইট ক্লাব ধ্বংস হয়ে গেছে?
ⓚ ১০ অক্টোবর, ২০০২ ⓚ ১২ অক্টোবর, ২০০২
ⓖ ১০ নভেম্বর, ২০০২ ⓖ ১২ নভেম্বর, ২০০২

(ব্যাখ্যা) ইন্দোনেশিয়ার পর্যটন শহর বালি দ্বীপের কতা জেলায় 'সারি' নামক নাইট ক্লাবে ২০০২ সালের ১২ অক্টোবর স্থানীয় সময় রাত সাড়ে ১১ টায় গাড়ি বোমা বিস্ফোরিত হয়। এতে দু শতাধিক লোক নিহত এবং তিন শতাধিক লোক আহত হয়। যাদের অধিকাংশই ছিল অস্ট্রেলীয় ও ইউরোপীয়।

৯৫. সুইজারল্যান্ড আনুষ্ঠানিকভাবে কখন জাতিসংঘের সদস্য হয়?
ⓚ ৩০ আগস্ট, ২০০২ ⓚ ৭ সেপ্টেম্বর, ২০০২
ⓖ ১০ সেপ্টেম্বর, ২০০২ ⓖ ১৫ সেপ্টেম্বর, ২০০২

(ব্যাখ্যা) সুইজারল্যান্ড ১৭ জুলাই, ২০০২ জাতিসংঘে সদস্যপদ প্রাপ্তির জন্য আবেদন করে এবং ২০০২ সালের ১০ সেপ্টেম্বর জাতিসংঘের ১৯০তম সদস্য হিসেবে সদস্যপদ লাভ করে। উল্লেখ্য, জাতিসংঘের সর্বশেষ সদস্য দক্ষিণ সুদান ১৯৩তম সদস্য হিসেবে ২০১১ সালের ১৪ জুলাই সদস্য পদ লাভ করে।

৯৬. আফগানিস্তানের প্রধান ভাষা কোনটি?
ⓚ আফগানি ⓚ ফার্সি
ⓖ পশতু ⓖ তুর্কি

(ব্যাখ্যা) আফগানি হলো আফগানিস্তানের মুদ্রার নাম। প্রধান ও সরকারি ভাষা পশতু।

৯৭. কোন দেশটি ওশেনিয়া অঞ্চলের অন্তর্ভুক্ত?
ⓚ নাউরু ⓚ কেনিয়া
ⓖ কিউবা ⓖ গায়ানা

(ব্যাখ্যা) নাউরু ওশেনিয়াভুক্ত একটি দ্বীপ দেশ এবং জাতিসংঘ সদস্য দেশসমূহের মধ্যে ক্ষুদ্রতম। এটি মাইক্রোনেশিয়ার অন্তর্ভুক্ত।

৯৮. ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর কোথায়?
ⓚ কোপেনহেগেন ⓚ লন্ডন
ⓖ রোম ⓖ ব্রাসেলস

(ব্যাখ্যা) ইউরোপীয় ইউনিয়ন (EU) ১৯৫৭ সালের ২৫ মার্চ রোমে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ১৯৫৮ সালের ১ জানুয়ারি প্রতিষ্ঠিত হয়। এর পূর্বনাম ছিল ইউরোপীয় কমিশন (EC)। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে।

৯৯. নিউজিল্যান্ডের আদিবাসীদের কি বলা হয়?
ⓚ কুর্দি ⓚ তাতারু
ⓖ রেড ইন্ডিয়ান ⓖ মাউরি

(ব্যাখ্যা) মাউরিরা নিউজিল্যান্ডের আদিবাসী। অন্যদিকে কুর্দিরা কুর্দিস্তানের অধিবাসী, যারা বর্তমানে তুর্কি, ইরান ও ইরাকে বসবাসরত, তাতারুরা এশিয়ার এক মিশ্রজাতি যারা বর্তমানে সাইবেরিয়া, তুর্কমেনিস্তান ও রাশিয়ায় বাস করে এবং রেড ইন্ডিয়ানরা উত্তর আমেরিকার আদিবাসী যাদের নামকরণ করেছিলেন ক্রিস্টোফার কলম্বাস।

১০০. কানাডা কোন শিল্পের জন্য বিখ্যাত?
ⓚ কার্পাস ⓚ লোহা ⓖ কাগজ ⓖ বস্ত্র

(ব্যাখ্যা) কানাডার প্রধান শিল্প কাগজ। আর এজন্য কানাডার রাজধানী অটোয়াকে কাগজের শহর বলা হয়। কাগজ উৎপাদনে যুক্তরাষ্ট্র প্রথম এবং কানাডা দ্বিতীয় স্থানে রয়েছে।

**উত্তর**

| | |
|---|---|
| ৮৯ | ঘ |
| ৯০ | গ |
| ৯১ | খ |
| ৯২ | খ |
| ৯৩ | ক |
| ৯৪ | খ |
| ৯৫ | গ |
| ৯৬ | গ |
| ৯৭ | ক |
| ৯৮ | ঘ |
| ৯৯ | ঘ |
| ১০০ | গ |